**কবিতা/গল্প প্রকাশ**
সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১
*****************************

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ
EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"
- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH। হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 9 JULY 2025 , WEDNESDAY । ৯ জুলাই ২০২৫ , বুধবার VOLUME। বর্ষ-5 ISSUE। সংখ্যা-327 PAGE। পৃষ্ঠা-4

## নতুন রাজ্য সভাপতির সঙ্গে সাক্ষাৎ দিলীপের



এই যুগ , কলকাতা ,৮ জুলাই : মঙ্গলবার সল্টলেকের রাজ্য বিজেপি দপ্তরে হাজির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ। দেখা করলেন সদ্য দায়িত্বপ্রাপ্ত বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে। দুজনের মধ্যে বেশ কিছুক্ষণ কথাও হয়। সেখান থেকে বেরিয়ে দিলীপ ঘোষ বলেন , "দিলীপ ঘোষের দাম আছে , দাম থাকবে। যাদের দাম থাকে তাঁদের নিয়েই জল্পনা হয়। যাঁদের দাম নেই তারা রাস্তায় গড়াগড়ি খায়।" দিলীপ ঘোষ কে ফোন করেছিলেন শমীক ভট্টাচার্য। তাঁর আমন্ত্রণ রক্ষা করতে মঙ্গলবার রাজ্যদপ্তরে আসেন দিলীপ ঘোষ । এদিন দেখা করে বেরিয়ে দিলীপ ঘোষ যে দিলীপ ঘোষ ই আছেন সেটা তার ভাবমূর্তিতে প্রমানিত। এদিন দিলীপ ঘোষ কে দেখে বিজেপি কর্মীরা উচ্ছ্বাস প্রকাশ করেন । স্লোগান ও দেন তারা । কর্মীদের হৃদয়ে যে দিলীপ ঘোষ উজ্জ্বল সেটা আবারও প্রমাণিত।

## নিউ জলপাইগুড়ি স্টেশনে অমৃত ভারত প্রকল্পে কাজের অগ্রগতি পরিদর্শনে সাংসদ ও বিধায়ক



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ৮ জুলাই : উত্তর পূর্ব সীমান্ত রেলের অত্যন্ত গুরুত্বপূর্ণ নিউ জলপাইগুড়ি স্টেশনটিকে বিশ্বমানের পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে অমৃত ভারত প্রকল্পে নির্মান কাজ চলছে। এই নির্মান কাজের অগ্রগতি ও হাল হকিকত পরিদর্শন করলেন জলপাইগুড়ির সাংসদ ডঃ জয়ন্ত কুমার রায় ও ডাবগ্রামের বিধায়ক শিখা চ্যাটার্জি। সাংসদ পরিদর্শনের পর জানান বর্ষার জন্য কাজের গতি কিছুটা ব্যাহত হলেও সার্বিক অগ্রগতি সন্তোষজনক। তিনি আরও জানান কাজে নিযুক্ত ইঞ্জিনিয়াররা তাকে জানিয়েছেন আগামী বছরের মার্চ মাসের মধ্যে সার্বিক কাজ শেষ হয়ে নিউ জলপাইগুড়ি স্টেশনটি নতুন রূপে আত্মপ্রকাশ করবে বলে তারা আশাবাদী।

## ফালাকাটা ব্লকের দলগাঁও চা বাগানে বন দপ্তরের পাতা খাঁচায় বন্দী হলো চিতাবাঘ



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ৮ জুলাই : আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের দলগাঁও চা বাগানে সোমবার রাতে বন দপ্তরের কর্মীদের পাতা খাঁচায় বন্দী হলো একটি চিতাবাঘ। জানা গেছে কয়েকদিন ধরেই চিতাবাঘটি চা বাগানে ঘাটি গেঁড়েছিলো। বাগানে চিতাবাঘের আনাগোনায় চা শ্রমিকদের মহল্লা সহ লাগোয়া এলাকায় ছড়িয়েছিলো আতঙ্ক। চা বাগান কর্তৃপক্ষ খবর দেন বন দপ্তরের দলগাঁও রেঞ্জের কর্মীদের । খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে চিতাবাঘের উপস্থিতি সম্পর্কে নিশ্চিত হয়ে সোমবার রাতে চা বাগানের এক কোণায় ছাগলের টোপ দিয়ে খাঁচা পাতেন। মঙ্গলবার সকালে চা শ্রমিকরা চিতাবাঘের গর্জন শুনতে পেয়ে খাঁচার কাছে ছুটে যান ও খাঁচাবন্দী চিতাবাঘটিকে দেখতে পেয়ে বন কর্মীদের খবর দেন। খবর পেয়ে বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে খাঁচাসহ চিতাবাঘটিকে নিয়ে যান। তারা জানান চিতাবাঘটিকে স্বাস্থ্য পরীক্ষার পর ফের জঙ্গলে ছেড়ে দেওয়া হবে। চিতাবাঘটি ধরা পড়ায় আতঙ্কমুক্ত হয়েছেন এলাকাবাসী। বন্য প্রাণীদের লোকালয়ে চলে আসা ও গতিবিধি বিষয়ে সকলকে সচেতন থাকার পরামর্শ দেওয়া হয়েছে বন দপ্তর ও স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে।

## বিনা নোটিশে বাগান ছেড়ে চলে গেলো মালিকপক্ষ , বিপাকে শ্রমিকরা



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৮ জুলাই : সোমবার রাতে বিনা নোটিশে বাগান ছেড়ে চলে গেলো মালিকপক্ষ , বিপাকে পড়ল চা বাগানের বারোশো শ্রমিক। ঘটনা জলপাইগুড়ি জেলার বানারহাট ব্লকের আমবাড়ি চা বাগানের। জানা গেছে চা বাগানে বেশ কিছু সমস্যা চলছিলো। সমস্যা সমাধানের জন্য ডুয়ার্স ব্রাঞ্চ ইন্ডিয়ান টি এশোশিয়েসনের উদ্যোগে জুন মাসের ছাব্বিশ তারিখ একটি ত্রিপাক্ষিক বৈঠক আয়োজিত হয়। বৈঠকে সমস্যা সমাধান না হলেও চা বাগানের মালিকপক্ষ প্রস্তাব দেয় দশদিনের জন্য শ্রমিকদের ছুটিতে পাঠানো হবে। বৈঠকে উপস্থিত শ্রমিক সংগঠন এর প্রতিনিধিরা সেই প্রস্তাব মেনে নেন। সেই অনুযায়ী সোমবার পর্যন্ত চা বাগান ছুটি ছিলো এবং মঙ্গলবার সকাল থেকে বাগানে যথারীতি স্বাভাবিক কাজ শুরু হওয়ার কথা। কিন্তু মঙ্গলবার সকালে চা শ্রমিকরা কাজ করতে গিয়ে দেখান চা বাগানের স্টোর রুম , ফ্যাক্টরি ও ম্যানেজারের বাংলোতে তালা ঝুলছে। তারা বুঝে যান মালিকপক্ষ রাতের অন্ধকারে বিনা নোটিশে বাগান ছেড়ে চলে গিয়েছে। খবর ছড়িয়ে পড়তেই বাগানের শ্রমিকরা ভীড় জমান ফ্যাক্টরির সামনে। হতাশ শ্রমিকরা জানান স্থানীয় প্রশাসন দ্রুত চা বাগানটি খোলার ব্যবস্থা করুক।

# জেলার কথা

## গ্রামবাসীরা র‍্যালি করে বাড়িতে নিয়ে গেলেন বিএসএফ জওয়ান শহীদ মৃদুল দাসের দেহ



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৮ জুলাই: মঙ্গলবার বিকালে আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের বারোবিশায় এসে পৌঁছায় শহীদ বি এস এফ জওয়ান মৃদুল দাসের দেহ। বারোবিশা থেকে বাইক র‍্যালি করে শহীদের কফিন কুড়ি কিলোমিটার দূরে পুখুরিগ্রামের বাড়িতে নিয়ে গেলেন গ্রামবাসীরা। জানা গেছে কুমারগ্রাম ব্লকের পুখুরিগ্রামের যুবক মৃদুল দাস দুবছর আগে বি এস এফে যোগ দিয়ে জম্মুতে কর্মরত ছিলেন। রবিবার রাতে সেখানেই গুলিবিদ্ধ হয়ে তিনি শহীদ হন। মঙ্গলবার বি এস এফ কর্তৃপক্ষের তত্বাবধানে শহীদ জওয়ানের দেহ তার বাড়িতে নিয়ে আসা হয়। শহীদ মৃদুল দাসকে শ্রদ্ধা জানাতে কাতারে কাতারে মানুষ উপস্থিত হন তার পুখুরিগ্রামের বাড়িতে। উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক সহ এলাকার বিশিষ্টজনেরা।

# দাদাকে খুন, গ্রেফতার দুই



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৮ জুলাই: আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার বোরাগাড়ি এলাকার বাসিন্দা শুকদেব দাস এবং রূপক দাস কে ৫ দিনের পুলিশি হেফাজতে এনেছে ভাটিবাড়ী ফাঁড়ির পুলিশ এমনটাই জানিয়েছেন ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার। রবিবার গভীর রাতে বোরাগাড়ি এলাকার মাছ ব্যবসায়ী শ্রীরাম দাস কে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করার অভিযোগ তুলেছেন শ্রীরাম দাসের বাবা মাখন দাস তার ভাইপোর বিরুদ্ধে। এমনকি শ্রীরামের স্ত্রী সোনেকা দাস অভিযোগ তুলেছেন তার দেবর শুকদেবের দিকেই। কয়েকদিন আগেও তিনি সোনেকা দেবীকে বলেছিলেন তার দাদা শ্রীরামকে মেরে তাকে বিয়ে করবেন। সোমবার দুপুরে অভিযোগ দায়ের হওয়ার পরেই পুলিশ দুজনকে গ্রেফতার করে। মঙ্গলবার বেলা দুটা নাগাদ তাদের আদালতে পাঠানো হয়। আদালত থেকে তাদেরকে ৫ দিনের পুলিশি হেফাজতে আনা হয় জিজ্ঞাসাবাদের জন্য।

# বিয়ের রাতে আত্মঘাতী কনে

মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৮ জুলাই: জামাই বরণ হলো না। সাত পাক করতে পারলেন না বর কনে। সাত পাক দেওয়ার আগেই আত্মঘাতী হওয়ার জন্য কীটনাশক পান করলেন ময়নাগুড়ি এলাকার কনে। জানা গেছে রবিবার ছিল বিয়ের অনুষ্ঠান সে মতো আয়োজন ছিল ভরপুর, হই হুল্লোর ও আনন্দঘন মুহূর্ত ।আমন্ত্রিত অতিথিরা একে একে আসতে শুরু করলো হঠাৎ বিয়ের মন্ডপে বসার আগেই থমকে গেল গোটা মুহূর্ত। মুহূর্তের মতো দৌড়ঝাপ শুরু হয়ে গেল আত্মীয়-স্বজন থেকে শুরু করে অথিতিদের মধ্যে। পরিবারের লোকজনেরা দেখতে পায় গুরুতর অসুস্থ অবস্থায় পড়ে রয়েছে কনে । এরপরই তাকে চিকিৎসার জন্য তড়িগড়ি নিয়ে যাওয়া হয় জলপাইগুড়ির একটি বেসরকারি নার্সিংহোমে। তবে বিয়ের উদ্দেশ্যে রওনা হতে থাকেন কিন্তু কনের বাড়ির পক্ষ থেকে পাত্রপক্ষকে জানানো হয় কনে অসুস্থ রয়েছে নার্সিংহোমে ভর্তি আছে তাই বিয়ে হবে না। এই খবর শুনেই পাত্রপক্ষ আর বিয়ের উদ্দেশ্যে রওনা দেয়নি। পরদিন সকালে চিকিৎসা চলাকালীন কনে বাবলির মৃত্যু হয়।মৃত্যুর পরেই পরিবারের লোকজনেরা জানতে পারে বাবলি, কীটনাশক পান করেছে তবে কি কারণে এমন ঘটনা তা বুঝে উঠতে পারছে না কেউই। এদিকে রবিবার বিয়ের আয়োজন ছিল। কেন বিয়ের আগে বাবলি এই চরম সিদ্ধান্ত নিল তা কেউই বুঝতে পারছে না। মঙ্গলবার ময়না তদন্তের পর দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়। গোটা এলাকা শোকস্তব্ধ। মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ মৃতার কাকা বলেন কি কারনে সে কীটনাশক খেয়েছে আমরাও বুঝে উঠতে পারছি না। এদিকে কনের আত্মহত্যা নিয়ে একদিকে শোকস্তব্ধ এলাকা।

# কাগজের নৌকা

৯ জুলাই ২০২৫, বুধবার

## ইচ্ছা

আশীষ কুমার কুন্ডু
(ব্যারাকপুর, পশ্চিমবঙ্গ)

জীবন যে বড় কঠিন,
বড্ড-জ্বালায় যে জ্বলে,
ইচ্ছা-গুলো যে তীব্র জ্বালায়,
পাতাল- তলে ও হুল ফুটায়,
মনটা যে আজ আগ বাড়িয়ে,
ব্যথা গুলোকে বড্ড জাগায়,
না পাওয়ার খাতায় এসে,
লাটা-গুড়িতে সুতো গোটায়।
বেড়েই চলেছে কখন যে ঘুন,
ধরেছে শুকনা হৃদয়ের পাতায়,
মন চাইলেই যায় না পাওয়া,
জীবনের সমস্ত এগিয়ে যাওয়ার,
পথ যে বড়ই ভয়ঙ্কর,
চাঙ্গড় খসে পড়া সব ভাবনার ই দেওয়াল,
দুর্বল যে ভিত সৃষ্টির সাধন,
ধ্বংস সাধন ব্যর্থ হয় যে জিৎ।
জীবনের এইখানে প্রশ্নগুলোর উত্তর নেই জানা,
জীবন যে বড় কঠিন, মগজে তাই তো দেয় হানা।
তীব্র গামী জীবন ইঞ্জিন,
সময় করে না ছোটে,
ট্রেন সময় ইঞ্জিন ছুটে, আনন্দ নুড়ি হাতরে বেড়ায়,
যতটুকু কপালে জোটে।।

# কর্মকর্তার ভুলের জন্য কয়েক হাজার কৃষক হয়রানির শিকার



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৮ জুলাই: দীর্ঘ তিন বছর যাবত চলছে আন্দোলন। আন্দোলনের বার্তা গিয়ে পৌঁছেছিল সরকারের কানে। কিন্তু মধ্যবর্তী ব্যক্তির ভুলের জন্য এ বছরও ধান চাষ করতে পারলেন না কয়েক হাজার কৃষক। তুরতুরি নদীতে জল আটকাবার জন্য তৈরি হয়নি বাঁধ।শেষ পর্যন্ত আর জল সেচ ব্যবস্থা হয়নি তাই এবারও চাষ করা হলো না কৃষকদের জমি। একদিকে বৃষ্টি নেই অন্যদিকে আলিপুরদুয়ার জেলার শামুকতলা গ্রাম পঞ্চায়েতের গারোখুটা বানিয়াগাঁও বানিয়াডাবরি, ছোট পুকুরিয়া, বড় পুকুরিয়া, শামুকতলা বস্তি সহ প্রায় ১৫ টি গ্রামের কয়েক হাজার কৃষক কয়েক হাজার বিঘা জমিতে আমন ধান রোপনের জন্য গারোকুটা স্লুইস গেট দিয়ে আসা ক্যানেলের জলের উপর নির্ভর করে চাষাবাদ করেন। গত দু বছর আগেও এলাকার বাসিন্দারা নিজেদের উদ্যোগে বালির বস্তা এবং বাঁশ দিয়ে তুরতুরি নদীর উপর বাঁধ নির্মাণ করার চেষ্টা করেছিলেন। নদীতে বাঁধ দিয়ে সেই জল ক্যানেলের মাধ্যমে নিয়ে এসে তারা আমন ধান চাষ করেন। অনেক আন্দোলন হয়েছে তুরতুরি নদীতে পাকা বাঁধ নির্মাণের। অনেক আধিকারিক এলাকা পর্যবেক্ষণ করে শেষ পর্যন্ত বাঁধের কাজের হাতও দিয়েছিলেন গত তিন মাস আগে। কিন্তু সরকারি পরিকল্পনায় ভুল থাকায় কাজ বন্ধ হয়ে যায় ঠিকাদার সংস্থা চলে যান তাদের কাজ গুটিয়ে। আর এর ফলে এবারও হাজার হাজার বিঘা জমি চাষ হয়নি এখনো। যদিও অনেকেই শ্যালু থেকে জল তুলে জমি তে আমন ধান রোপনের কাজে হাত দিয়েছেন। কিন্তু শেষ পর্যন্ত আমন ধান তারা ঘরে তুলতে পারবেন কিনা তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। উল্লেখ্য গত দু বছর আগে বৃষ্টির জল দিয়ে এমন ধানের চাষ করেও চাষিরা ধান ভরে তুলতে পারেননি কারণ ধান গাছে ফলন হয়নি। এলাকার বাসিন্দারা চাইছেন সমস্যার সমাধান হোক। গ্রাম পঞ্চায়েত প্রধান বলছেন সমস্যার সমাধান হবে আগামী নভেম্বর ডিসেম্বর মাসে।

# আলিপুরদুয়ারে সিপিআইএম নেত্রী তৃণমূলের যোগ দিলেন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই : আলিপুরদুয়ার তৃণমূলের দলীয় কার্যালয়ে যোগদান পর্ব অনুষ্ঠান হল মঙ্গলবার বিকেল সাড়ে তিনটা নাগাদ। যোগদান পর্ব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলার বিভিন্ন তৃণমূল নেতৃত্বরা। এদিন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক এর হাত ধরে বিবেকানন্দ ২ নম্বর গ্রাম পঞ্চায়েত থেকে সিপিআইএম নেত্রী মামনি বিশ্বাস তৃণমূলে যোগদান করলেন আলিপুরদুয়ার তৃণমূলের দলীয় কার্যালয়ে। স্বাভাবিক ভাবেই তৃণমূল বিবেকানন্দ ২ গ্রাম পঞ্চায়েত এলাকায় আরো শক্তিশালী হয়েছে। নেত্রী জানিয়েছেন দলের হয়ে তিনি কাজে ঝাঁপিয়ে পড়বেন।

# শোভাযাত্রার মধ্য দিয়ে শেষ হলো পথ নিরাপত্তা সপ্তাহ পালন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই : আলিপুরদুয়ার জেলা পুলিশ এবং সদর ট্রাফিক পুলিশের পক্ষ থেক পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হয়েছে আলিপুরদুয়ার জেলা শহরে। এমনটাই জানা গেছে জেলা পুলিশের কাছ থেকে মঙ্গলবার বেলা তিনটা নাগাদ। পয়লা জুলাই থেকে ৮ ই জুলাই পর্যন্ত পুলিশের পক্ষ থেকে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করা হয় । পথ নিরাপত্তা সপ্তাহ পালনের আজ শেষ দিন। শেষ দিনে আলিপুরদুয়ার জেলা পুলিশের বিভিন্ন কর্মকর্তারা জেলা শহরে রীতিমতো ট্যাবলো নিয়ে পথ নিরাপত্তা সপ্তাহ পালন করছেন। জেলা পুলিশের পক্ষ থেকে একটি চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে। হাতে প্লে কার্ড নিয়ে সিভিক ভলেন্টিয়ার থেকে শুরু করে আলিপুরদুয়ার জেলা শহরে শোভাযাত্রায় অংশগ্রহণ করেছেন অনেকেই।

# মেচিয়া বস্তির একশ জন চাষীকে বীজ প্রদান



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই : জয়গাঁ এলাকার চাষীদের মিলেট চাষের প্রতি আগ্রহী করে তুলতে বদ্ধ পরিকর কালচিনি ব্লক কৃষি দফতর। জয়গাঁ খোকলাবস্তি ও বড় মেচিয়াবস্তির ১০০ জন চাষীর হাতে তুলে দেওয়া হল রাগী বীজ। এদিন এক অনুষ্ঠানের মাধ্যমে দেওয়া হয় এই বীজ। উপস্থিত ছিলেন সহ কৃষি অধিকর্তা প্রবোধ মন্ডল, জয়গা এক গ্রাম পঞ্চায়েতের প্রধান কমল পাখরিন। মাথাপিছু ১ জন চাষিকে দেওয়া হয়েছে চার কিলো রাগী বীজ। ২ বিঘা জমিতে অনায়াসে এই বীজ রোপন করা সম্ভব।কালচিনি ব্লক সহ কৃষি অধিকর্তা প্রবোধ মন্ডল জানান , "কালচিনি ব্লকে ৯০ হেক্টর জমিতে মিলেট জাতীয় ফসল চাষের উদ্যোগ নেওয়া হয়েছে।জয়গাতে এই চাষ ভালো ফসল দেবে এই আমাদের আশা।"

# যৌন নির্যাতনের দায়ে গ্রেপ্তার বৃদ্ধ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৮ জুলাই : নয় বছরের এক নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে গ্রেফতার করা হয়েছিল এক ৬০ বছরের ব্যক্তি কে। মঙ্গলবার বেলা দুইটা নাগাদ ওই ব্যক্তিকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠায় শামুকতলা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে এদিন দুজনকে আলিপুরদুয়ার জেলা আদালতের পাঠানো হয়েছে। পাঁচ বছরের পুরনো মারামারির মামলায় সাক্ষী দিতে যায়নি এক যুবক। তার বিরুদ্ধেও গ্রেফতারি পরোয়ানো জারি করেছে আদালত। এদিন তাকেও গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। তবে দুজনের নাম গোপন রেখেছে শামুকতলা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে থানা এলাকার নয় বছরের এক নাবালিকা কে যৌন নির্যাতনের অভিযোগ ওঠার পরেই গ্রেপ্তার করা হয়েছে ওই ৬০ বছরের ব্যক্তিকে সোমবার রাতে। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করেছে শামুকতলা থানার পুলিশ।

# প্রয়াত মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর একশ এগারোতম জন্ম জয়ন্তীতে শ্রদ্ধা জ্ঞাপন শিলিগুড়ি পৌর নিগমে




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি , ৮ জুলাই : রাজ্যের প্রয়াত মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর একশ এগারোতম জন্ম জয়ন্তীতে শ্রদ্ধাঞ্জলি প্রদান অনুষ্ঠান আয়োজিত হয় মঙ্গলবার শিলিগুড়ি পৌর নিগম ভবনে। শিলিগুড়ি পৌর নিগমের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে প্রয়াত মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন মেয়র গৌতম দেব সহ পৌর নিগমের কাউন্সিলর গন সহ কর্মীগন।

# কয়েকদফা দাবিতে মাদারীহাট বীরপাড়া ব্লকের বিডিও কে ডেপুটেশন দিল বিজেপি




সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৮ জুলাই : আলিপুরদুয়ার জেলার মাদারীহাট বীরপাড়া ব্লকের বিডিওকে কয়েকদফা দাবিতে ডেপুটেশন দিল বিজেপির মাদারীহাট বীরপাড়া ব্লক তিন নম্বর মন্ডল কমিটি। মঙ্গলবার বিজেপি কর্মী সমর্থকরা মিছিল করে বিডিও অফিস চত্বরে যান। সেখানে জমায়েত করে তাদের দাবির সমর্থনে স্লোগান দেন। তারপর মন্ডল কমিটির প্রেসিডেন্ট সন্তোষ মাহাতোর নেতৃত্বে কয়েকজনের প্রতিনিধিদল বিডিও র দপ্তরে গিয়ে তাদের দাবিপত্র প্রদান করেন। সন্তোষ মাহাতো জানান তাদের দাবি গুলি হলো আবাস যোজনার পি ডাব্লিউএলে নাম থাকা সত্ত্বেও বিরোধী দল করে বলে অনেকের নাম বাদ দেওয়া হচ্ছে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহন করা , গ্রামোন্নয়ন এর ক্ষেত্রে বিরোধী পঞ্চায়েত সমিতির সদস্যদের সরকারি সুবিধা থেকে বঞ্চিত করে রাখা হয়েছে তার জন্য ব্যবস্থা গ্রহন , জেনারেল বার্ধক্যভাতা থেকে যারা বঞ্চিত তাদের ভাতা প্রদানের ব্যবস্থা করা , গ্রামে গ্রামে পানীয় জল সরবরাহের ব্যবস্থা গ্রহন সহ আরও কয়েকটি দাবি। বিডিও দাবিপত্র গ্রহন করে জানান তিনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিবেচনার জন্য দাবিপত্রটি পাঠিয়ে দেবেন।

# শিক্ষক নিয়োগে এবার ডিভিশন বেঞ্চের দ্বারস্থ রাজ্য ও এসএসসি



এই যুগ , কলকাতা ,৮ জুলাই : শিক্ষক নিয়োগে এসএসসির বিজ্ঞপ্তি নিয়ে সিঙ্গেল বেঞ্চের বিচারপতি সৌগত ভট্টাচার্যর নির্দেশকে চ্যালেঞ্জ জানাল রাজ্য ও এসএসসি। ডিভিশন বেঞ্চে মামলা দায়ের করার আবেদন জানায় রাজ্য ও এসএসসি।এই আবেদন জানানো হয়েছে বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চে । এই মামলা দায়েরের অনুমতি মিলছে। বুধবার সেই মামলার শুনানির সম্ভাবনা রয়েছে বলে জানা গেছে।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।